

ভিসা জটিলতা নিরসনে ব্যবস্থা নিতে নির্দেশ প্রধান উপদেষ্টার

- A Monitor Desk Report

Date: 09 October, 2025



ঢাকাঃ বিশ্বের বিভিন্ন দেশে ভিসাজনিত জটিলতা দূরীকরণে পররাষ্ট্র মন্ত্রণালয়কে অতিরিক্ত প্রচেষ্টার নির্দেশনা দিয়েছেন অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা অধ্যাপক মুহাম্মদ ইউনুস।

বুধবার (৮ অক্টোবর) রাজধানীর বেইলি রোডের ফরেন সার্ভিস একাডেমিতে আয়োজিত এক প্রেস ব্রিফিংয়ে প্রধান উপদেষ্টার প্রেস সচিব শফিকুল আলম এই তথ্য জানিয়েছেন।

তিনি বলেন, পূর্ব ইউরোপীয় দেশগুলোতে আমাদের নতুন নতুন শ্রমবাজার তৈরি হচ্ছে। সম্প্রতি জাতিসংঘ সম্মেলনে নিউইয়র্ক সফরে প্রধান উপদেষ্টা আলবেনিয়ার প্রেসিডেন্ট ও কসোভোর প্রধানমন্ত্রীর সঙ্গে কথা বলেছেন। দুটি দেশই বাংলাদেশ থেকে শ্রমিক নিতে আগ্রহী বলে জানিয়েছে।

শফিকুল আলম জানান, বুধবার রাজধানীর তেজগাঁও প্রধান উপদেষ্টার কার্যালয়ে প্রধান উপদেষ্টা অধ্যাপক মুহাম্মদ ইউনুসের সভাপতিত্বে উপদেষ্টা পরিষদের একাধিক সদস্য ও ব্যবসায়ীসহ উচ্চ পর্যায়ের ব্যক্তিবর্গের উপস্থিতিতে বাংলাদেশের এলডিসি (স্বল্পোন্নত দেশ থেকে উত্তরণ) বিষয়ক সভায় বক্তৃতায় প্রধান উপদেষ্টা পররাষ্ট্র মন্ত্রণালয়কে এ নির্দেশনা দেন।

প্রেস সচিব জানান, পূর্ব ইউরোপীয় যেসব দেশ রয়েছে তাদের কারো বাংলাদেশে কোনো দূতাবাস নেই। বাংলাদেশিদের ভিসা পেতে নিউ দিল্লি যেতে হয়। এ ভিসা জটিলতা কীভাবে দূর করা যায় সে বিষয় নিয়ে বিস্তারিত আলোচনা হয়। পররাষ্ট্র মন্ত্রণালয় এ বিষয়ে কাজ করছে, সামনে আরও সমন্বিত উদ্যোগ গ্রহণ করা হবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন।

তবে ভিসা জটিলতা আগের সরকারের আমল থেকে সৃষ্ট বলে জানান শফিকুল আলম।

